

MOLD BUSTERS AT NYCHA




মোল্ড বাস্টার (ছত্রাক ধ্বংসকারী) কী?

কার্যকরভাবে এবং দক্ষতার সাথে ছত্রাক প্রতিকার করার জন্য NYCHA-এর একটি প্রোগ্রাম হচ্ছে মোল্ড বাস্টার। এটি NYCHA কর্তৃক এর অধিবাসীদেরকে তাদের প্রাপ্য স্বাস্থ্যকর এবং নিরাপদ আবাসন প্রদান করার প্রতিশ্রুতির একটি গুরুত্বপূর্ণ অংশ।

আপনার অ্যাপার্টমেন্টে ছত্রাক বা পানি চুঁইয়ে পড়ার সমস্যা সম্পর্কে জানাতে এবং মোল্ড বাস্টার প্রক্রিয়া শুরু করতে, 718-707-7771 নম্বরে গ্রাহক যোগাযোগ কেন্দ্র (CCC)-এ কল করুন অথবা MyNYCHA অ্যাপ ব্যবহার করুন।

অস্বাভসপারসন কে?

নির্দিষ্ট সময় অন্তর ছত্রাক এবং অতিরিক্ত আর্দ্রতা কার্যকরভাবে প্রতিকার করার জন্য NYCHA-এর প্রতি আদালতের নির্দেশ রয়েছে। অধিবাসীদের NYCHA কর্তৃক এই আদেশ মেনে চলতে ব্যর্থ হওয়া সংক্রান্ত অভিযোগসমূহ সুরাহা করার জন্য আদালত César de Castro-কে অস্বাভসপারসন (ন্যায়পাল) হিসেবে নিযুক্ত করেছে। NYCHA অধিবাসীদের পানি চুঁইয়ে পড়া, ছত্রাক বা অতিরিক্ত আর্দ্রতা মেরামতের আদেশ সম্পর্কিত অভিযোগসমূহ Mr. de Castro সমাধান করবেন। Mr. de Castro এবং Mr. de Castro এর নিয়ন্ত্রণাধীন অস্বাভসপারসন কল সেন্টার (OCC) উভয়েই NYCHA থেকে সম্পূর্ণ স্বাধীন।



অস্বাভসপারসন কল সেন্টার কী?

যেসব অধিবাসী ইতোমধ্যে NYCHA CCC এর সাথে যোগাযোগ করেছেন, কিন্তু এখনো ছত্রাক বা পানি চুঁইয়ে পড়ার সমস্যা এবং এগুলোর সাথে সংশ্লিষ্ট যেকোনো মেরামত কাজ যা সঠিকভাবে বা সময়মতো সম্পন্ন না হওয়া নিয়ে উদ্বেগ রয়েছে তাদের অভিযোগসমূহ OCC গ্রহণ করে। যেসব অধিবাসীর এমন উদ্বেগ রয়েছে তারা 1-888-341-7152 নম্বরে কল করে অথবা ombnyc.com ওয়েবসাইটে গিয়ে OCC এর সাথে যোগাযোগ করতে পারেন। কোন নির্দিষ্ট ধরনের ছত্রাক বা পানি চুঁইয়ে পড়ার সমস্যার নিয়ে আপনি প্রথমে NYCHA-এর সাথে যোগাযোগ করা এবং NYCHA-এর কাজের ব্যাপারে অসন্তুষ্ট না হওয়া ব্যতীত OCC-এ কল করবেন না।

অস্বাভসপারসন কল সেন্টারে একটি অভিযোগ দাখিল করার সাধারণ কারণসমূহ:

- ছত্রাকের সমস্যার জন্য অথবা পানি চুঁইয়ে পড়া সমাধান করার জন্য আপনি একটি পরিদর্শনের সময়সূচি নির্ধারণ করেছিলেন কিন্তু ঐ নির্ধারিত সময়ে NYCHA উপস্থিত হয়নি।
- ছত্রাকের সমস্যার জন্য NYCHA পরিদর্শন করেছে তবে প্রতিকার প্রক্রিয়ার পরবর্তী ধাপ সম্পর্কে আপনাকে জানায়নি।
- NYCHA ছত্রাক বা পানি চুঁইয়ে পড়ার সমস্যার সমাধান করার জন্য সময়সূচি নির্ধারণ করেছে এবং মেরামত শেষ করতে 15 দিনের বেশি সময় লেগেছে এবং এটি আপনার সমস্যার কারণ হয়ে দাঁড়িয়েছে।
- NYCHA ছত্রাক প্রতিকার প্রক্রিয়া এবং/অথবা পানি চুঁইয়ে পড়ার সমস্যার মেরামত শুরু করেছিল কিন্তু তা সম্পন্ন করেনি এবং মেরামত সম্পন্ন করার জন্য আপনাকে পরবর্তীতে কোন তারিখ দেয়নি।
- NYCHA ছত্রাক বা পানি চুঁইয়ে পড়ার সমস্যার মেরামত সম্পন্ন করেছে কিন্তু কাজ সন্তোষজনক হয়নি বা সমস্যার সমাধান হয়নি।
- NYCHA ছত্রাক বা পানি চুঁইয়ে পড়ার সমস্যার মেরামত সম্পন্ন করেছে তবে NYCHA মেরামতের চেষ্টা করলেও সমস্যাটি আবার ফিরে এসেছে।